**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date : 20.05.2026** **Desk in Charge : S.D.G.**

**Time: 7-50 PM** **Edit &Compile : Priya B.**

**DEO : KB** **NRT : Priya Biswakarma**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>

১/ রাজ্য সরকার আজ থেকে ভারত-বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণের জন্য BSF-এর হাতে বকেয়া জমি হস্তান্তর শুরু করেছে। # আপাতত ২৭ কিলোমিটার জমি হস্তান্তর করা হচ্ছে।

২/ সংশোধিত নাগরিকত্ব আইন-CAA মেনে রাজ্য থেকে বাংলাদেশি অনুপ্রবেশকারীদের ফেরত পাঠানোর প্রক্রিয়া, আজ থেকেই শুরু হচ্ছে।

৩/ কেন্দ্র ও রাজ্যের বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি, আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা করতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ উত্তরকন্যায় প্রশাসনিক বৈঠক করেছেন। # আগামীকাল'ও একাধিক জেলার প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন মুখ্যমন্ত্রী।

৪/ দক্ষিণ চব্বিশ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে আগামীকাল পুনর্নির্বাচন।

৫/ বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকায়, ঘর্মাক্ত ও অস্বস্তিকর আবহাওয়া বজায় রয়েছে। আগামী কয়েক দিন'ও এই পরিস্থিতি বজায় থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

৬/ ইডেনে আজ IPL ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স টসে জিতে মুম্বই ইন্ডিয়ান্সকে প্রথমে ব্যাট করতে পাঠিয়েছে।

**********************************************************************

রাজ্য সরকার দীর্ঘ জটিলতা শেষে, ভারত-বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণে BSF-এর হাতে বকেয়া জমি হস্তান্তর শুরু করেছে।

নবান্নে আজ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর উপস্থিতিতে সীমান্তরক্ষী বাহিনীর হাতে আনুষ্ঠানিকভাবে জমি তুলে দেওয়ার প্রক্রিয়া শুরু হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, পূর্ববর্তী সরকারের 'অসহযোগিতা'র কারণেই সীমান্ত সুরক্ষা দীর্ঘদিন বাধাপ্রাপ্ত হয়েছিল। নতুন সরকার ক্ষমতায় আসার দু'সপ্তাহের মধ্যেই সেই প্রক্রিয়া শুরু হয়েছে। এই বেড়া নির্মাণ, দেশের নিরাপত্তা এবং রাজ্যের সুরক্ষার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

শুভেন্দু বাবু আরো জানান, ভারত-বাংলাদেশ সীমান্তের মোট দৈর্ঘ্য প্রায় ৪ হাজার কিলোমিটার। তার মধ্যে পশ্চিমবঙ্গেই রয়েছে প্রায় ২'হাজার ২০০ কিলোমিটার সীমান্ত। বর্তমানে প্রায় ১'হাজার ৬০০ কিলোমিটারে কাঁটাতারের বেড়া থাকলেও, প্রায় ৬০০ কিলোমিটার এলাকায় ফেন্সিং বাকি রয়েছে। **এর মধ্যে আপাতত ২৭ কিলোমিটার এলাকার জন্য প্রয়োজনীয় জমি BSF-এর হাতে তুলে দেওয়া হচ্ছে।** এর মধ্যে রয়েছে ১৮ কিলোমিটার ফেন্সিং এলাকা এবং আরও ৯ কিলোমিটার বর্ডার আউটপোস্ট ও BSF পরিকাঠামো তৈরির জমি। তিনি বলেন, জমি ক্রয়ের সম্পূর্ণ অর্থ ভারত সরকার এবং BSF দিচ্ছে।

( বাইট- শুভেন্দু BSF )

মুখ্যমন্ত্রী আরও জানান, সীমান্তবর্তী জেলাগুলিতে দীর্ঘদিন কোনও সমন্বয় বৈঠক হয়নি। নতুন সরকার দায়িত্ব নেওয়ার পর থেকেই জেলা প্রশাসন, বিএসএফ, রাজ্য পুলিশ, কাস্টমস-সহ বিভিন্ন সংস্থাকে নিয়ে নিয়মিত সমন্বয়ে বৈঠক শুরু হয়েছে।

অনুষ্ঠানে উপস্থিত BSF-এর **মহা নির্দেশক প্রবীণ কুমার** রাজ্য সরকারের ভূয়সী প্রশংসা করেন। তিনি বলেন, দীর্ঘদিন ধরে সীমান্ত এলাকায় কাজ করতে গিয়ে রাজ্য সরকারের সহযোগিতার প্রয়োজন অনুভূত হচ্ছিল। নতুন সরকারের আমলে সেই সহযোগিতা মিলছে।

( বাইট- BSF প্রবীণ কুমার )

************************

সংশোধিত নাগরিকত্ব আইন-CAA মেনে রাজ্য থেকে অবৈধ বাংলাদেশি অনুপ্রবেশকারীদের ফেরত পাঠানোর প্রক্রিয়া, আজ থেকেই শুরু হচ্ছে।

নবান্নে সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য BSF-কে জমি হস্তান্তরের অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী একথা ঘোষণা করেন। তিনি বলেন, কেন্দ্রীয় সরকারের নির্দেশিকা অনুযায়ী, এবার থেকে বাংলাদেশি অনুপ্রবেশকারীদের সরাসরি BSF-এর হাতে তুলে দেওয়া হবে। এরপর বাংলাদেশের সীমান্ত রক্ষী BDR-এর সঙ্গে কথা বলে তাঁদের দেশ থেকে বের করে দেওয়ার ব্যবস্থা করা হবে। অর্থাৎ- 'ডিটেক্ট-ডিলিট এবং ডিপোর্ট' এই পদ্ধতিতে কাজ হবে বলে মুখ্যমন্ত্রী জানান। রাজ্যের সীমান্তবর্তী থানাগুলিকে এই নির্দেশ অবিলম্বে কার্যকর করতে বলা হয়েছে। মুখ্যমন্ত্রী জানান, ২০২৫ সালের ১৪ই মে, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে বাংলাদেশি অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে BSF-এর হাতে তুলে দেওয়ার বিষয়ে একটি নির্দিষ্ট নির্দেশিকা পাঠানো হয়েছিল। কিন্তু পূর্বতন তৃণমূল কংগ্রেস সরকার, সেই আইন কার্যকর করেনি বলে অভিযোগ করেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, সংশোধিত নাগরিকত্ব আইন বা CAA-এর আওতায় থাকা সাতটি সম্প্রদায়ের মানুষ, যাঁরা ৩১শে ডিসেম্বর ২০২৪-এর মধ্যে ভারতে এসেছেন তাঁদের বিরুদ্ধে কোনও পদক্ষেপ করা হবে না বলেও জানান তিনি।

************************

এর আগে আজ সকালে মুখ্যমন্ত্রী, শিলিগুড়ির উত্তরকন্যায় প্রশাসনিক বৈঠক করেন। তিনি জানান, সরকারী প্রকল্পগুলির বাস্তবায়ন এবং কল্যাণমূলক প্রকল্পের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে এখন থেকে প্রতি মাসে একবার করে তিনি উত্তরবঙ্গ সফর করবেন। জনগণের সমস্যার দ্রুত সমাধানের লক্ষ্যে, শিলিগুড়ির উত্তরকন্যায় সপ্তাহে একদিন করে সকাল ৯'টা থেকে ১১'টা পর্যন্ত 'জনতার দরবার' করবেন, উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী। ওইদিনই ১১'টা থেকে ১'টা পর্যন্ত হবে প্রশাসনিক পর্যালোচনা বৈঠক এবং ২'টো থেকে ৪'টে পর্যন্ত উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী, সব সাংসদ ও বিধায়কদের নিয়ে আরো একটি বৈঠক করবেন। কল্যাণমূলক প্রকল্পগুলি খতিয়ে দেখা হবে ঐ বৈঠকে।

************************

কেন্দ্র ও রাজ্যের বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি, আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা করতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, আগামীকাল দুটি জেলায় প্রশাসনিক আধিকারিক ও জনপ্রতিনিধিদের সঙ্গে বৈঠক করবেন।

সকালে হাওড়া জেলাশাসকের অফিসে জেলাশাসক, জেলা পুলিশ সুপার এবং পুলিশ কমিশনারদের পাশাপাশি, নবনির্বাচিত বিধায়কদের সঙ্গে কথা বলবেন তিনি। এর আগে বেলুড় মঠ যাবেন মুখ্যমন্ত্রী।

দুপুরে পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া, দুই বর্ধমানের জেলা প্রশাসনিক আধিকারিক ও বিধায়কদের সঙ্গে পর্যালোচনা বৈঠকের কর্মসূচী রয়েছে তাঁর।

*************************

বিধানসভায় বিরোধী দলনেতা নির্বাচন এবং বিরোধী দলের স্বীকৃতি ঘিরে জটিলতা আরও তীব্র হয়েছে। বিধানসভায় সাংবাদিক বৈঠক করে আজ এই বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা দিয়েছেন বিধানসভার প্রিন্সিপাল সেক্রেটারি সৌমেন্দ্রনাথ দাস। তিনি জানান, বিরোধী দলের তরফে একটি চিঠি জমা পড়েছে ঠিকই, তবে সেই চিঠিতে প্রয়োজনীয় কিছু তথ্যের ঘাটতি রয়েছে। ফলে বিষয়টি এখন অধ্যক্ষের বিবেচনার উপর নির্ভর করছে।

বিরোধী দলের পক্ষ থেকে সর্বভারতীয় সাধারণ সম্পাদক একটি চিঠি দিয়ে পরিষদীয় দলের পদাধিকারীদের নামের তালিকা পাঠিয়েছেন। কিন্তু সেই চিঠিতে পরিষদীয় দলের বৈঠক কবে হয়েছে, সেই বৈঠকে কারা উপস্থিত ছিলেন এবং কারা সম্মতি দিয়েছেন, সেই সংক্রান্ত তথ্য উল্লেখ নেই। বিধানসভার নিয়ম অনুযায়ী এই সমস্ত তথ্য স্পষ্টভাবে জমা দিতে হবে।

এদিকে, বিরোধী দলনেতা পদে, দল মনোনীত বর্ষীয়ান তৃণমূল কংগ্রেস বিধায়ক শোভনদেব চট্টোপাধ্যায় ইতিমধ্যেই একটি RTI দায়ের করেছেন।

*************************

আজকের প্রসঙ্গে, কবি পক্ষে শুনবেন একটি আলোচনা - "বাংলা চলচ্চিত্রে রবীন্দ্রনাথ ও তাঁর গান।" চিত্র পরিচালক অশোক বিশ্বনাথনের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী।

অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

************************

দক্ষিণ চব্বিশ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে আগামীকাল পুনর্নির্বাচন। এজন্য যাবতীয় প্রস্তুতি সম্পন্ন। ভোটকর্মীরা DCRC কেন্দ্রগুলি থেকে যাবতীয় সরঞ্জাম নিয়ে নিজ নিজ বুথে পৌঁছচ্ছেন। ২৮৫ টি বুথে সকাল সাতটায় ভোট গ্রহণ শুরু হয়ে চলবে সন্ধ্যে ছটা পর্যন্ত। ওই কেন্দ্রে দু'লক্ষ ৩৬ হাজার ৪৪৪ জন ভোটদাতা রয়েছেন। সুষ্ঠু ও অবাধ নির্বাচনের লক্ষ্যে, ওই কেন্দ্রে কড়া নিরাপত্তা ও নজরদারির বন্দোবস্ত করা হয়েছে।

এদিকে, ওই কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী জাহাঙ্গির খান, নির্বাচনী প্রতিদ্বন্দ্বিতা থেকে নিজেকে সরিয়ে নেওয়ার কথা জানিয়েছেন। যদিও, প্রার্থীপদ প্রত্যাহারের কোনো সুযোগ না থাকায় প্রকৃতপক্ষে প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন তিনি।

অন্যদিকে, নির্বাচন থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নেওয়ায় জাহাঙ্গীরের **'রক্ষাকবচ' প্রত্যাহারের** আবেদন জানিয়ে রাজ্য সরকার কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হলেও, আপাতত তাতে হস্তক্ষেপ করেনি আদালত।

************************

২০২১-এ বিধানসভা নির্বাচন পরবর্তী হিংসার ঘটনার তদন্তে বিধাননগর পুরসভার তৃণমূল কংগ্রেস কাউন্সিলার দেবরাজ চক্রবর্তীকে, CID আজ ভবানীভবনে প্রায় ১২ ঘন্টা জেরা করে। রাজারহাট-গোপালপুরের প্রাক্তন বিধায়ক অদিতি মুন্সীর স্বামী দেবরাজের বিরুদ্ধে চাকরী ও টেন্ডার পাইয়ে দেওয়ার নামে বিপুল পরিমাণ আর্থিক দুর্নীতির'ও অভিযোগ রয়েছে।

************************

পুরুলিয়ার বাঘমুণ্ডি ব্লকের পাথোরডি স্বাস্থ্য কেন্দ্রে ঢুকে স্বাস্থ্য আধিকারিককে হেনস্থা ও অভব্য আচরণের অভিযোগে চার বিজেপি নেতাকে দলের তরফে 'কারণ দর্শানোর' নোটিশ জারি করা হয়েছে। একইসঙ্গে, তদন্ত শেষ না হওয়া পর্যন্ত অভিযুক্ত রাকেশ

মাহাতো, বিজয়মোহন সিং, অরুণচন্দ্র মাজি এবং মিঠুন কুমারকে, সবরকমের সাংগঠনিক কাজকর্ম থেকে বিরত থাকতে বলা হয়েছে।

***********************

দুপুরের পর কলকাতা সহ দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টি হলেও বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকায়, ঘর্মাক্ত ও অস্বস্তিকর আবহাওয়া বজায় রয়েছে। আলিপুরে আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৬ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে সামান্য বেশি। আগামী কয়েক দিন অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। বীরভূম, মুর্শিদাবাদ পূর্ব বর্ধমান এবং নদীয়া জেলায় রয়েছে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির কমলা সর্তকতা। উত্তরবঙ্গের উত্তরে হিমালয় সন্নিহিত জেলাগুলিতে বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

এদিকে আলিপুর চিড়িয়াখানায় থেকে প্রাণীদের জন্য এই গরমে বিশেষ ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে কর্তৃপক্ষ জানিয়েছে।

***********************

ইডেনে আজ IPL ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স টসে জিতে মুম্বই ইন্ডিয়ান্সকে প্রথমে ব্যাট করতে পাঠিয়েছে।

শেষ খবর পাওয়া পর্যন্ত মুম্বই ইন্ডিয়ান্স ৫’ওভারে ৩’উইকেটে ৩৪ রান করেছে।

*********************************************************************